৫.২ "তারপর যুদ্ধ এলো"—'তারপর' বলতে কী বোঝানো হয়েছে? যুদ্ধ এলে কী কী ঘটলো? ১+৪

৬। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

৬.১ "জন্ম নিল ফাউন্টেন পেন"— ফাউন্টেন পেনের স্রষ্টা কে? কীভাবে তার জন্ম হয়েছিল? ১+৪

৬.২ বাংলা ভাষায় বিজ্ঞান চর্চার অসুবিধা ও তার থেকে উত্তরণের পন্থা গুলি আলোচনা করো। ৫

৭। কমবেশি ১২৫ শব্দে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৪×১=৪

৭.১ "ওর নিঃশ্বাসে বিষ,ওর দৃষ্টিতে আগুন"—কে, কার সম্পর্কে এই উক্তি করেছেন? তার এই উক্তির কারণ বুঝিয়ে দাও। ১+৩

৭.২ 'সিরাজদ্দৌলা' নাট্যাংশ অবলম্বনে সিরাজদ্দৌলা চরিত্রের পরিচয় দাও।

৮। কমবেশি ১৫০ শব্দে যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

৮.১ দারিদ্র্য আর বঞ্চনার বিরুদ্ধে কোনির যে লড়াই তা সংক্ষেপে আলোচনা করো।

৮.২ "এটা বুকের মধ্যে পুষে রাখুক"— বুকের মধ্যে কী পুষে রাখার কথা বলা হয়েছে? এরকম ভাবনার কারণ বুঝিয়ে দাও।

৮.৩ "জুপিটার থেকে তাড়িয়ে দিয়েছে, তারই শোধ নিল।"— জুপিটার থেকে কাকে কেন তাড়িয়ে দেওয়া হয়েছিল? সে কীভাবে তার শোধ নিল? ২+৩

৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো ঃ ৪

Man is a social animal. He cannot live alone. No person can be happy without having sincere friends. But selfish persons failed to make real friendship. Because to get love, you must give love to return.

১০। কমবেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

১০.১ বৃক্ষরোপনের উপকারিতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে একটি কাল্পনিক সংলাপ রচনা করো।

১০.২ 'বাল্যবিবাহ প্রতিরোধ' বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

১১। কমবেশি ৪০০ শব্দে যে কোনো একটি বিষয়ে অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ ১০

১১.১ নারী শিক্ষার প্রসারে কন্যাশ্রী প্রকল্প।

১১.২ আধুনিক জীবনে বিজ্ঞানের ভালো মন্দ।

১১.৩ ছাত্র জীবনে শৃঙ্খলা ও শিষ্টাচারের প্রয়োজনীয়তা।

১১.৪ একটি ভ্রমণের অভিজ্ঞতা।

# রামনগর অতুল বিদ্যালয় (উঃমাঃ)

## মাধ্যমিক নির্বাচনী পরীক্ষা – ২০২৩

**শ্রেণি— দশম** **পূর্ণমান—৯০**

**বিষয়—বাংলা** **সময়—৩ ঘন্টা ১৫ মিনিট**

১। সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ ১×১৭=১৭

১.১ নদের চাঁদকে পিষে দিয়ে গেল— ক) ৭ নং আপ ট্রেন খ) ৭ নং ডাউন প্যাসেঞ্জার ট্রেন গ) ৭ নং ডাউন ট্রেন ঘ) ৭ নং ডাউন মেল ট্রেন।

১.২ চায়ের টেবিলে তপনের গল্প নিয়ে কথা ওঠে—ক) সকালে খ) বিকেলে গ) সন্ধ্যায় ঘ) রাতে।

১.৩ বাইজির ছদ্মবেশে হরিদার রোজগার হয়—
ক) আট টাকা দশ আনা খ) আট টাকা আট আনা গ) দশ টাকা চার আনা ঘ) দশ টাকা দশ আনা।

১.৪ 'সখী সবে আজ্ঞা দিল'— সখীদের আজ্ঞা দিয়েছিল— ক) পদ্মা খ) পদ্মাবতী গ) বিধুন্নলা ঘ) রোহিনী।

১.৫ "উল্কা ছোটায় নীল খিলানে"— 'নীল খিলান' বলতে বোঝানো হয়েছে—ক) আকাশকে খ) প্রাসাদকে গ) গাছপালাকে ঘ) স্তূপকে।

১.৬ 'কবির সংগীতে বেজে উঠেছিল'—ক) সংগীতের মূর্ছনা খ) সুন্দরের আরাধনা গ) সুরের ঝংকার ঘ) রাগ রাগিনী।

১.৭ ছোটবেলায় রাজশেখর বসুকে যাঁর বাংলা জ্যামিতি বই পড়তে হয়েছিল তিনি হলেন—ক) রামমোহন রায় খ) ব্রজমোহন মল্লিক গ) কেশবচন্দ্র নাগ ঘ) ব্রহ্মমোহন মল্লিক।

১.৮ চিনারা চিরকাল লেখার ক্ষেত্রে ব্যবহার করে আসছে— ক) লৌহ শলাকা খ) সোনার কলম গ) তুলি ঘ) সজারুর কাঁটা।

১.৯ অভিধা যে অর্থ প্রকাশ করে তা হল—ক) বিস্তৃত খ) সংক্ষিপ্ত গ) বিকৃত ঘ) অভিধানিক।

১.১০ বাক্যে কর্তা যদি একেবারেই অনুপস্থিত থাকে, তাকে বলে—
ক) অনুক্ত কর্তা খ) নিরপেক্ষ কর্তা গ) উক্ত কর্তা ঘ) উহ্য কর্তা।

১.১১ 'কলমে কায়স্থ চিনি'—'কলমে'— পদটির কারক ক) কর্তৃ কারক খ) কর্ম কারক গ) করণ কারক ঘ) নিমিত্ত কারক।

১.১২ 'উপনগরী' সমাসটি গড়ে উঠেছে— ক) সাদৃশ্য অর্থে খ) সামীপ্য অর্থে গ) পশ্চাৎ অর্থে ঘ) বীপ্সা অর্থে।

১.১৩ 'সমাস' শব্দের অর্থ হল—ক) বিস্তার খ) সমান গ) অসমান ঘ) সংক্ষেপ।

১.১৪ "এইটুকু কাশির পরিশ্রমেই সে হাঁপাইতে লাগিল"— বাক্যটি কোন শ্রেণির?— ক) সরল বাক্য খ) জটিল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) মিশ্র বাক্য।

১.১৫ সূর্য পশ্চিম দিকে উদিত হয়। বাক্যটিতে নির্মাণগত কোন্ শর্ত লঙ্ঘিত হয়েছে?— ক) যোগ্যতা খ) আকাঙ্ক্ষা ঘ) আসক্তি ঘ) কোনটাই নয়।

১.১৬ ভাববাচ্যে প্রাধান্য পায়—ক) কর্মের ভাব খ) ক্রিয়ার ভাব গ) কর্তার ভাব ঘ) কর্তা ও কর্মের ভাব।

১.১৭ 'পাঁচ দিন নদীকে দেখা হয় নাই'— এটি কোন বাচ্যের উদাহরণ? ক) কর্তৃবাচ্য খ) কর্মবাচ্য গ) ভাববাচ্য ঘ) কর্ম-কর্তৃবাচ্য।

২। কম-বেশি ২০টি শব্দের প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১×১৯=১৯

২.১ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

২.১.১ "এটা আমার প্রাণের অনুরোধ"— বক্তা কোন কথাকে প্রাণের অনুরোধ বলেছেন?

২.১.২ সন্ধ্যাতারার সূচিপত্রে ছাপার অক্ষরে কী লেখা ছিল?

২.১.৩ "তা ছাড়া এত বড়ো বন্ধু"—'বন্ধু'বলতে কার কথা বলা হয়েছে?

২.১.৪ "এতে দুজনেরই ভয় কেটে গেল"— ভয় কাটার কারণ কী?

২.১.৫ "সে প্রায় কাঁদিয়া ফেলিয়াছিল"— তার প্রায় কেঁদে ফেলার কারণ কী?

২.২ যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

২.২.১ "গান দাঁড়াল ঋষি বালক"— 'ঋষি বালক'এখানে কীসের প্রতীক?

২.২.২ "বিধি মোরে না করো নৈরাশ"— বক্তা কোন বিষয়ে নিরাশ হতে চান না?

২.২.৩ "আমাদের পথ নেই কোনো"— একথা বলার কারণ কী?

২.২.৪ "এল মানুষ ধরার দল"—' মানুষ ধরার দল' কেন বলা হয়েছে?

২.২.৫ "তব শরে মরিয়া বাঁচিল"— কে, কার শরে মরে বেঁচেছিল?

২.৩ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৩=৩

২.৩.১ লিপিকুশলী কাদের বলা হত?

২.৩.২ পরিভাষার উদ্দেশ্য কী?

২.৩.৩ "সেই আঘাতেরই পরিণতি নাকি তাঁর মৃত্যু"— কোন্ আঘাতের পরিণতিতে মৃত্যুর কথা বলা হয়েছে?



২.৩.৪ "সাধারণ পাঠকের পক্ষে অনিষ্টকর"— কী সাধারণ পাঠকের পক্ষে অনিষ্টকর?

২.৪ যে কোনো আটটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৮=৮

২.৪.১ তির্যক বিভক্তি কাকে বলে?

২.৪.২ সম্বন্ধ পদকে অকারক পদ বলা হয় কেন?

২.৪.৩ উপমান কর্মধারয় সমাসের একটি উদাহরণ দাও।

২.৪.৪ নিত্য সমাস কাকে বলে?

২.৪.৫ 'বৃথা আশা মরিতে মরিতে ও মরে না।'— বাক্যটিকে যৌগিক বাক্যে রূপান্তর করো।

২.৪.৬ শিক্ষক অন্যমনস্ক ছিলেন। – এই বাক্যের বিশেষ্যগুচ্ছ চিহ্নিত করো।

২.৪.৭ উদ্দেশ্যকর্ম কাকে বলে? উদাহরণ দাও।

২.৪.৮ হিংসার দ্বারা মহৎ কার্য হয় না।—বাক্যটিকে কর্তৃবাচ্যে রূপান্তরিত করো।

২.৪.৯ কর্তাহীন ভাববাচ্যের একটি উদাহরণ দাও।

২.৪.১০ কর্মকর্তৃবাচ্য কাকে বলে? উদাহরণ দাও।

৩। প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০ টি শব্দে উত্তর দাও ঃ ৩+৩=৬

৩.১ যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৩ ×১=৩

৩.১.১ "মেসোর উপযুক্ত কাজ হবে সেটা"— কার মেসো? তার উপযুক্ত কাজটি কী? ১+২

৩.১.২ "নদীর বিদ্রোহের কারণ সে বুঝিতে পারিয়াছে"— কে বুঝতে পেরেছে? নদীর বিদ্রোহ বলতে সে কী বোঝাতে চেয়েছে? ১+২

৩.২ যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ১×৩=৩

৩.২.১ "গান বাঁধবে সহস্র উপায়ে"— কার উক্তি? সহস্র উপায়ে কীভাবে গান বাঁধা যায়? ১+২

৩.১.২ "অম্বুরাশি সুতা উত্তরিলা"— ' অম্বুরাশি সুতা' কে? তিনি কী উত্তর দিলেন? ১+২

৪। কম-বেশি ১৫০ শব্দে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫ ×১=৫

৪.১ "লোকটি কাশিতে কাশিতে আসিল"—লোকটি কে? তার চেহারা ও পোশাক পরিচ্ছদের বর্ণনা দাও। ১+৪

৪.২ "ও আমাকে শিখিয়েছে খাঁটি জিনিস কাকে বলে?"—খাঁটি জিনিস বলতে কী বোঝানো হয়েছে? কার কাছ থেকে,কে, খাঁটি জিনিসের কী শিক্ষা পেয়েছিলেন তা গল্প অবলম্বনে লেখো।২+৩

৫। কম-বেশি ১৫০ শব্দে যে কোন একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫ ×১=৫

৫.১ "পঞ্চকন্যা পাইল চেতন।"— পঞ্চকন্যা কারা? তারা কীভাবে চেতনা ফিরে পেয়েছিলেন তার নিজের ভাষায় লেখো। ১+৪